# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 27 June, 2025

যমুনা বহুমুখী সেতুর ওপর থেকে রেলপথ সরিয়ে ফেলার কাজ শুরু করেছে সেতু বিভাগ। বৃহস্পতিবার (২৬ জুন) থেকে টাঙ্গাইল অংশে রেললাইনের নাট-বল্টু খুলে ফেলা শুরু হয়েছে বলে জানিয়েছেন যমুনা সেতু সাইট অফিসের নির্বাহী প্রকৌশলী আহসানুল কবীর পাভেল।

সূত্র জানায়, সেতুর ওপর স্থাপিত রেললাইন এখন আর প্রয়োজন নেই, কারণ যমুনা নদীর ওপর নতুন ডুয়েলগেজ ডাবল লাইন রেলসেতু চালু হয়েছে।ফলে পুরোনো রেললাইনটি এখন পরিত্যক্ত এবং সড়ক প্রশস্ত করতে এটি অপসারণ জরুরি হয়ে পড়েছে।

সেতুর একটি লেন বর্তমানে ৬ দশমিক ৩ মিটার প্রশস্ত, যেখানে প্রয়োজন ৭ দশমিক ৩ মিটার। পরিত্যক্ত রেলপথ সরিয়ে ফেললে সেতুর দুই লেনই আরও প্রশস্ত করা সম্ভব

হবে, যা ঈদ ও অন্যান্য সময়ে যানজট কমাতে সহায়ক হবে।

জানা গেছে, ২০০৪ সালে সেতুর ওপর রেল চলাচল চালু হলেও, ২০০৬ সালেই ফাটলের কারণে গতি কমিয়ে আনা হয় ঘণ্টায় ২০ কিলোমিটারে।এতে ট্রেন চলাচলে ব্যাঘাত ও জট তৈরি হতো।সেই সমস্যা সমাধানে ২০২০ সালে ১৬ হাজার কোটি টাকা ব্যয়ে যমুনার ৩শ মিটার উজানে নতুন রেলসেতু নির্মাণ প্রকল্প গ্রহণ করা হয়, যা ২০২৫ সালের মার্চে চালু হয়েছে।

রেলসেতু প্রকল্পের পরিচালক আল ফাত্তাহ মো. মাসুদুর রহমান জানান, সেতু বিভাগ মালামাল খুলে রেল কর্তৃপক্ষের কাছে বুঝিয়ে দেবে।রেললাইন অপসারণের পর সড়ক প্রশস্ত

করার কাজ শুরু হবে।

যমুনা সেতু রেলপথ রেলপথ সরিয়ে ফেলার কাজ শুরু টাঙ্গাইল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 00:56

URL: https://www.timestodaybd.com/public/national/3791591827